ভোরের কাগজ

AUG. 1 5 1999
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

86

# ২৫ হাজার জাল সার্টিফিকেট ও মার্কশিট উদ্ধার

কাগজ প্রতিবেদক : সিআইডি পুলিশ গত শুক্রবার সন্ধ্যায় ধানমন্ডি নর্থ সার্কুলার রোড এলাকার এক বাসা থেকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বোর্ড এবং কলেজের ২৫ হাজার জাল সার্টিফিকেট ও মার্কশিট উদ্ধার এবং আব্দুল মালেক নামে একজনকে গ্রেপ্তার করেছে।

পুলিশ জানায়, ঢাকা বোর্ডের সাবেক কর্মচারী আব্দুল মালেক নর্থ সার্কুলার রোডের ৬৩/৩ নম্বর বাসা ভাড়া নিয়ে দীর্ঘদিন ধরে জাল সার্টিফিকেট তৈরি করে উচ্চমূল্যে বিক্রি করছিল। গতকাল সন্ধ্যার দিকে সিআইডি পুলিশের একটি টিম ঐ বাসায় অতর্কিত অভিযান চালিয়ে আব্দুল মালেককে গ্রেপ্তার এবং জাল সার্টিফিকেট ও মার্কশিটগুলো উদ্ধার করে। এর মধ্যে ১৫ হাজার আংশিক প্রস্তুত সার্টিফিকেট এবং মার্কশিট রয়েছে। পুলিশ সাড়ে ৪০০ রাবার স্ট্যাম্প এবং দুটি অ্যামবোস সীলও উদ্ধার করে।